

১২ দিনের ছুটিতে যাচ্ছে স্কুল-কলেজ, মাদরাসায় দুদিন



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৫ সেপ্টেম্বর ২০২৫ | ২০:২৮

(-) (অ) (+)

দুর্গাপূজা উপলক্ষে দেশের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলো প্রায় দুই সপ্তাহের ছুটিতে যাচ্ছে। আগামী রোববার থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে পূজার ছুটি শুরুর কথা থাকলেও তার আগে সাংগীতিক ছুটি পড়েছে। সেজন্য বৃহস্পতিবারই ছুটির আগে সবশেষ ক্লাস-পরীক্ষা হয়েছে।

পূজায় এবার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো ৯ দিন বন্ধ থাকবে। আর দেশের সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজগুলো বন্ধ থাকবে ১২ দিন। তবে মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে মাত্র দুদিন ছুটি থাকবে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক শিক্ষাপঞ্জি বিশ্লেষণে এমন তথ্য পাওয়া গেছে।

শিক্ষাপঞ্জি অনুযায়ী- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুর্গাপূজার ছুটি শুরু হবে ২৮ সেপ্টেম্বর। তার আগে ২৬ ও ২৭ সেপ্টেম্বর শুক্রবার ও শনিবার সাংগ্রাহিক বন্ধ। ফলে ২৬ সেপ্টেম্বর থেকে প্রাথমিক বিদ্যালয়ে পূজার ছুটি শুরু হয়ে যাবে। ছুটি শেষে ৭ অক্টোবর প্রাথমিক বিদ্যালয়ে যথারীতি ক্লাস শুরু হবে।

আর শিক্ষা মন্ত্রণালয়ের প্রকাশিত শিক্ষাপঞ্জি অনুযায়ী- সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলো ২৮ সেপ্টেম্বর থেকে ৭ অক্টোবর পর্যন্ত ছুটি থাকবে। ২৬ ও ২৭ সেপ্টেম্বর সাংগ্রাহিক বন্ধ (শুক্র ও শনিবার) থাকায় মোট ছুটি মিলবে ১২ দিনের।

শিক্ষাপঞ্জি অনুযায়ী সরকারি-বেসরকারি কলেজেও ২৬ সেপ্টেম্বর থেকে ৭ অক্টোবর পর্যন্ত টানা ১২ দিন ছুটি থাকবে। ৮ অক্টোবর থেকে ছুটি শেষে সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে যথারীতি ক্লাস শুরু হবে।

অন্যদিকে, দেশের আলিয়া মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে দুর্গাপূজায় মাত্র দুদিন ছুটি থাকবে। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা বিভাগের প্রকাশিত শিক্ষাপঞ্জি অনুযায়ী- ১ ও ২ অক্টোবর দুর্গাপূজা উপলক্ষে মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে।

তবে ৩ ও ৪ অক্টোবর শুক্র ও শনিবার পড়ায় সাংগ্রাহিক বন্ধ। অর্থাৎ পূজার ছুটি শেষে ৫ অক্টোবর থেকে মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে পুরোদমে ক্লাস শুরু হবে।